

# ছাত্রলীগকে নিষিদ্ধ ঘোষণার দাবিতে ইবিতে বিক্ষোভ

ইবি প্রতিনিধি

১৭ অক্টোবর ২০২৪, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদের ময়



কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ছাত্রলীগকে নিষিদ্ধ ঘোষণা ও আওয়ামীপত্রি বিচারকদের অপসারণের দাবিতে বিক্ষোভ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের করেন শিক্ষার্থীরা। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে পুনরায় প্রধান ফটকের সামনে এসে এক ছাত্র সমাবেশে রূপ নেয়।

এ সময় শিক্ষার্থীদের হাতে ‘জঙ্গি সংগঠন ছাত্রলীগকে নিষিদ্ধ করতে হবে’, ‘মানবতাবিরোধী আওয়ামী লীগকে নিষিদ্ধ করতে হবে’, ‘দালাল বিচারপতিদের অপসারণ করতে হবে’ ইত্যাদি লেখা প্ল্যাকার্ড দেখা যায়।

শিক্ষার্থীরা ছাত্রলীগকে জঙ্গি সংগঠন দাবি করে বলেন, ‘বিগত ১৫ বছর ধরে ছাত্রলীগ, যুবলীগসহ তাদের মাদার সংগঠন আওয়ামী লীগ দেশে নৈরাজ্য সৃষ্টি করেছে। খুন, গুম, নির্যাতন, লুটপাটসহ সব অপরাজনীতির চর্চা করেছে ক্ষমতায় থাকতে। যা একটি সংগঠনকে নিষিদ্ধ করার জন্য যথেষ্ট। বাংলাদেশের মানুষ তাদের আর চায় না। তাদের নিষিদ্ধ করতে হবে, তা না হলে কঠোর আন্দোলন গড়ে তোলা হবে।’ এ ছাড়া তারা বিচার বিভাগসহ সব ক্ষেত্রে যারা আওয়ামী লীগের নৈরাজ্যের সহায়তা করেছে এবং আওয়ামী লীগকে পুনঃপ্রতিষ্ঠার প্রচেষ্টা চালাচ্ছে, তাদের অপসারণ ও বিচারের আওতায় আনার দাবি জানান।